بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

**বিসমিল্লাহির রাহমানির রাহিম**

**অর্থঃ পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে শুরু করছি**

# অনুশীলনী পাঠ- ১

১.

- لَا إِلَٰهَ إِلَّا اللَّهُ مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| لَا | إِلَٰهَ | إِلَّا | اللَّهُ | مُحَمَّدٌ | رَسُولُ | اللَّهِ |
| আল্লাহ | ব্যতীত | নাই | মুহাম্মদ | আল্লাহর | ইলাহ | রাসুল |

❖ আরবি শব্দগুলোর পার্শ্বে ভুল অর্থ দেয়া আছে সঠিক অর্থ লিখতে হবে।

২. اللَّهُ এর অর্থ কি ? اللَّهِ এর অর্থ কি ?

৩. শূন্যস্থান পূরণঃ

নিচের চারটি শব্দের যেকোনো একটি মুসলমানদের আল্লাহ ______।

এক/ দুই/ তিন/ চার

৪. "ইলাহ" অর্থ কি ? "রাসূলুল্লাহ" অর্থ কি ?

৫. "আল্লাহ" শব্দ পবিত্র কুরআনে কতবার এসেছে ?

৬. মুসলমানদের ধর্মগ্রন্থের নাম কি ?

৭. অসুখ হলে আমাদের কে সুস্থ করে দেন ? জীবন ও মরণের মালিক কে ? কে আমাদের রিজিক দান করেন ?

৮. আল্লাহর সাথে কি কোন শরিক আছে ?

৯. মুহাম্মদ (স) এর পরে কোন রাসুল আগমন করবেন কি ?

১০. আল্লাহ ও রাসূলের কথা কি আমাদের মানতে হবে ?

# অনুশীলনী পাঠ- ২

১.

| أَعُوذُ | بِ | اللهِ | مِنْ | الشَّيْطَانِ | الرَّجِيمِ |
|---|---|---|---|---|---|
| আল্লাহর | অভিশপ্ত | আমি আশ্রয় চাই | শয়তান | হইতে | নিকট |

- ❖ আরবি শব্দ গুলোর পাশে ভুল অর্থ দেয়া আছে সঠিক অর্থ লিখতে হবে

২. শয়তান থেকে কার কাছে সাহায্য চাইতে হবে ?

- ❖ সঠিক উত্তরটি বেছে নিতে হবে।

আল্লাহর / ফেরেশতার / জিনের / রাজার

৩. মুসলমানরা আশ্রয় চায় সাহায্য চায় কার কাছে ?

প্রেসিডেন্টের / বাদশাহর / ফেরেশতার / জ্বীনের / আল্লাহর

- ❖ কোনটি সঠিক উত্তর ?

৪. শয়তান কেন শত্রু ? শয়তান কি ভাল কাজ করতে নাকি মন্দ কাজ করতে আমাদের অন্তরে ওসওয়াসা দেয় ?

৫. "সূরা নাহল" এর "৯৮ নম্বর" আয়াতে বলা হয়েছে "যখন কুরআন পাঠ করবে তখন অভিশপ্ত শয়তান হতে আল্লাহর আশ্রয় প্রার্থনা করবে" এটা কি আল্লাহর নির্দেশ ? আল্লাহর নির্দেশ অমান্য করলে কি হয় ?

৬. "সূরা বনি ইসরাইলের" "৫৩ নম্বর" আয়াতে বলা হয়েছে "আমার বান্দাদেরকে যা উত্তম তা বলতে বল নিশ্চয় শয়তান তাদের মধ্যে বিভেদ সৃষ্টির উস্কানি দেয়; শয়তান তো মানুষের প্রকাশ্য শত্রু" আমাদের প্রকাশ্য ও বড় শত্রু কে ? কিভাবে এ শত্রুর হাত থেকে বাঁচা যায় ?

৭. শয়তান কেন অভিশপ্ত হলো ? সে কি আল্লাহর অবাধ্য হয়েছিল আল্লাহ শয়তানকে সিজদা করতে বলেছিল কাকে ? শয়তান কি সিজদা করেছিল ?

৮. আমরা কি আল্লাহর অবাধ্য হবো ?

৯. আমরা কি শয়তানের মত আল্লাহর অভিশপ্ত হতে চাই ?

১০. আল্লাহ ও রাসুলের অবাধ্য হলে এবং হুকুম না মানলে আল্লাহ কি আমাদের শাস্তি দেবেন ? ভুল হয়ে গেলে ক্ষমা চাইতে হবে কার কাছে ?

# অনুশীলনী পাঠ ৩

১.

| | | | | | |
|---|---|---|---|---|---|
| بِ | اِسْمُ | اللّٰهُ | الرَّحْمٰنُ | الرَّحِيمُ | الْ |
| দয়ালু | টি | করুনাময় | আল্লাহ | সহিত | নাম |

- শব্দগুলোর নিচে ভুল অর্থ দেয়া আছে সঠিক অর্থ লিখতে হবে

২. "সূরা নামল" এর "৩০ নম্বর" আয়াতে আল্লাহর নির্দেশ কোন কাজের শুরুতে মুখে ও অন্তরে "বিসমিল্লাহির রাহমানির রাহিম" বলতে হবে। মনে মনে অর্থের দিক খেয়াল রেখে আল্লাহর করুনা চাইতে হবে। আল্লাহর নির্দেশ অমান্য করলে কি হবে ?

৩. হাদিস অনুসারেঃ "খাওয়ার শুরুতে, পানি পান করার সময়, অজু ও গোসলের পূর্বে, বাড়িতে প্রবেশ বের হওয়ার সময়, পশু জবহের সময়, বাথরুমে পেশাব/পায়খানার প্রবেশের মুহূর্তে অর্থাৎ প্রতিটি কাজের সময় শুরুতে আল্লাহর নাম নিতে হবে" এটা অমান্য করলে কি হবে ?

৪. রাসূলুল্লাহ বলেন, "যখন বিসমিল্লাহির রাহমানির রাহিম পাঠ করা হয় (মুখে এবং অন্তর দিয়ে) তখন শয়তান সংকুচিত হতে থাকে এবং সংকুচিত হতে হতে একটি মাছির পরিমাণে হয়ে যায়" (আবু দাউদ - ৪৯৪৩)

- আমরা কি প্রতিটি কাজের শুরুতে আল্লাহর নাম নিব ?

৫. রাসূলুল্লাহ (স:) বলেন, "কেউ খাবার গ্রহণের শুরুতে আল্লাহর নাম নিতে ভুলে গেলে, সে বলবে (শুরুতে আল্লাহর নাম এবং শেষে আল্লাহর নাম) বিসমিল্লাহি আওয়ালা হু ওয়া আখিরাহু" (আবু দাউদ - ৩৭৬৭)। আমরা কি এটা অনুসরণ করবো ?

৬. "আর রাহমান" অর্থ কি ?

৭. "আর রহিম" অর্থ কি ?

৮. "আর রহমান" "আর রহিম" কি আল্লাহর গুণবাচক নাম ?

৯. ইসমের প্রথমে ال (আল) আসলে ইসমের দুই পেশ কিরূপ পরিবর্তন হয় ?

১০ "একটা বই" "বইটি" আরবিতে বলতে/ শিখতে হবে ?

# অনুশীলনী পাঠ ৪

১।

| | | | | |
|---|---|---|---|---|
| حَمْدٌ | الْحَمْدُ | لِ | اللَّهِ | رَبَّ |
| সমস্ত জগতসমূহ | জন্য | প্রশংসা | প্রভু | আল্লাহর |

| | |
|---|---|
| الْعَالَمِينَ | عَالَمِينَ |
| সকল প্রশংসা | জগতসমূহ |

- আরবি শব্দের নিচে ভুল অর্থ দেয়া আছে সঠিক হতে লিখতে হবে।

২। لِ এর সাথে اَللَّـهُ যুক্ত হলে কোন কোন অক্ষর লোপ পায় ?

৩। لِلَّـه এর শেষ অক্ষরের নিচে যবর/যের/পেশ কোনটি হবে ?

৪। لِلَّـهِ এর পরে رَبٌّ আসলে رَبٌّ এর কি পরিবর্তন হবে ?

৫। হাদিসে এসেছে ফরজ সালাতের শেষে "সুবহানাল্লাহ" سُبْحَانَ اللَّـهِ "আলহামদুলিল্লাহ" الْحَمْدُ لِلَّـهِ "আল্লাহু আকবার" اَللَّـهُ أَكْبَرُ ৩৩ বার করে মোট ৯৯ বার এবং "লা ইলাহা ইল্লাল্লাহু" لا اِلهَ اِلا اللهُ ১ বার ; মোট ১০০ বার পরলে অনেক সওয়াব হয়। আমরা কি নিয়মিত পড়ব ?

৬। জগত সমূহ বলতে কি বুঝায়।

৭। হাদিসে এসেছে, "যখন কোন বান্দা সালাতে সূরা ফাতেহা তেলাওয়াত করে আল্লাহ জবাব দেন। বান্দা যখন বলে, الْحَمْدُ لِلَّـهِ رَبِّ الْعَالَمِينَ (সকল প্রশংসা সমস্ত জগৎসমূহের প্রতিপালক রব আল্লাহর জন্য) আল্লাহ উত্তর দেন আমার বান্দা আমার প্রশংসা করেছে আমরা কি আল্লাহকে খুশি করার জন্য ইবাদত ও অন্যান্য কাজ করবো ?

৮। হাদিসে এসেছে, "মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দুটি আলো দেয়া হয়েছে, যেটি অন্য কোন নবীকে দেয়া হয়নি" সুরা ফাতিহা ও সূরা বাকারার শেষ দুই আয়াত। আমরা কি নিয়মিত অর্থ বুঝে সূরা ফাতিহা পাঠ করব?

৯। "ফাতিহা" অর্থ কি ?

সূচনা / ভুমিকা / সূত্রপাত করা / তিনটি সঠিক

১০। সূরা ফাতিহার অন্য নাম "উম্মুল কিতাব" কিতাবের মা কথাটি কি ঠিক ? সূরা ফাতিহা কি একটি দোয়া ?

# অনুশীলনী পাঠ ৫

১। الرَّحْمَـٰنُ ; আর রহমান অর্থ কি ?

২। الرَّحِيمُ ; আর রহিম অর্থ কি ?

৩। "সূরা ফাতিহায়" কয়টি আয়াত রয়েছে ?

৪। الرَّحْمَـٰنُ শব্দটি পবিত্র কুরআনে ৫৭ বার এসেছে। الرَّحْمَـٰنُ শব্দের অর্থ "সকল সৃষ্টির প্রতি প্রতি আল্লাহর দয়া ও করুণা"। আমরা কি মানুষের প্রতি দয়া করব ?

৫। الرَّحِيمُ শব্দটি পবিত্র কুরআনের ১১৬ বার এসেছে। الرَّحِيمُ অর্থ "বিশেষভাবে মুমিনদের প্রতি দয়া ও করুণা"। আমরা কি মুমিন হবো?

৬। সালাতে যখন বান্দা বলে, الرَّحْمَـٰنُ الرَّحِيمُ তখন আল্লাহ বলেন, "আমার বান্দা আমার প্রশংসা করেছে"। গুনগান করেছে। আমরা কি সবসময় আল্লাহর প্রশংসা ও গুনগান করবো না ? কারণ তিনি আমাদের অসংখ্য নিয়ামত দান করেছেন।

# অনুশীলনী পাঠ ৬

১.

| | | |
|---|---|---|
| مَالِكِ | يَوْمِ | الدِّينِ |
| প্রতিফল দিবস | মালিক | দিন |

- আরবি শব্দের ভুল অর্থ দেয়া আছে। সঠিক অর্থ লিখতে হবে।

২. দুনিয়ায় খারাপ কাজ করলে কি জান্নাতে যাওয়া যাবে ?

৩. يَوْمِ الدِّينِ অর্থ কি ?

৪. ভালো কাজ কি কি ?

৫. সালাতে বান্দা যখন বলে, **مَالِكِ يَوْمِ الدِّينِ** (তিনি বিচার দিনের মালিক) তখন আল্লাহ বলেন, "আমার বান্দা আমার গুণ বর্ণনা করেছে" আল্লাহ আরো বলেন, "আমার বান্দা তার সমস্ত কাজ আমার ওপর সমর্পণ করেছে" সুতরাং আমাদের দুঃখ, কষ্ট, বেদনা, অসুখ, অভাব-অনটন এর কথা কাকে জানাবো ?

# অনুশীলনী পাঠ ৭

১.

| | | | | |
|---|---|---|---|---|
| كَ | إِيَّاكَ | نَعْبُدُ | وَ | نَسْتَعِينُ |
| এবং | আমরা সাহায্য চাই | শুধুমাত্র তোমার | তোমার | আমরা ইবাদত করি |

- আরবি শব্দের ভুল অর্থ দেয়া আছে সঠিক অর্থ লিখতে হবে।

২. كَ এবং إِيَّاكَ অর্থের পার্থক্য কি ?

৩. نَسْتَعِينُ এবং نَعْبُدُ অর্থ কি ?

৪. আল্লাহর সাহায্য না করলে কি, আমরা ইবাদত করতে পারব ?

৫. সালাতে বান্দা যখন বলে, إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ (আমরা কেবল তোমারই ইবাদত করি এবং তোমারই কাছে সাহায্য প্রার্থনা করি) তখন আল্লাহ বলেন, "এটা আমার ও আমার বান্দার মধ্যকার ব্যাপার। এখন আমার বান্দার জন্য রয়েছে সে যা চায়" সুরা ফাতিহার শুরু থেকে এ পর্যন্ত আল্লাহর প্রশংসা ও গুনাগুনের পর বান্দাকে কি চাইতে হবে সেটা আল্লাহ শিখিয়ে দিয়েছেন পরবর্তী তিনটি আয়াতে আল্লাহর কাছে কি চাইতে হবে, আমাদেরকে বলে দিয়েছেন। সেটা কি ?

## অনুশীলনী পাঠ ৮

১।

| | | | |
|---|---|---|---|
| إِهْدِ | نَا | الصِّرَاطَ | ٱلْمُسْتَقِيْمَ |
| আমাদেরকে | পথটি | সরল | দেখাও |

❖ আরবি শব্দের অর্থ ভুল দেয়া আছে সঠিক অর্থ লিখতে হবে।

২. সরল সোজা পথ কোনটি ?

৩. সালাতে বান্দা যখন বলে,

* إِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ

* صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ

* غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ

(আমাদেরকে সোজা সরল পথ প্রদর্শন করো। তাদের পথে যাদেরকে তুমি অনুগ্রহ দান করেছ। তাদের পথে নয় যারা গজব গজবে পড়েছে এবং পথভ্রষ্ট), তখন আল্লাহ বলেন, "এ সবই আমার বান্দার জন্য এবং আমার বান্দার জন্য রয়েছে সে যা চায়" আমরা কি অন্তর দিয়ে, অর্থের দিকে খেয়াল রেখে, মুখে সুন্দর ভাবে ধীরে ধীরে উচ্চারণ করে আল্লাহর কাছে চাইবো ?

৪. দৈনিক কমপক্ষে কতবার সালাতে সূরা ফাতিহা তেলাওয়াত করা হয় ?

৫. হাদিসে এসেছে, "যে সমস্ত সালাতে ইমাম উচ্চ স্বরে সূরা ফাতিহা তেলাওয়াত করেন, মুক্তাদিরা তা মনোযোগ দিয়ে শুনবে। ইমামের পেছনে যখন উচ্চস্বরে তিলাওয়াত করা হয় না তখন মুক্তাদীগণের মনে মনে সূরা ফাতিহা তেলাওয়াত করা উত্তম" আমরা কি এই আমলটি করব ?

# অনুশীলনী পাঠ ৯

১.

| صِرَاطَ | الَّذِينَ | أَنْعَمْتَ | عَلَيْهِمْ |
|---|---|---|---|
| তাদের উপর | তুমি অনুগ্রহ দান করেছো | পথ | পথ |

- ❖ আরবি শব্দ এর নিচে ভুল অর্থ দেয়া আছে। সঠিক অর্থ লিখতে হবে।

২. أَنْعَمْتَ, عَلَيْهِمْ, تَ , أَنْعَمَ, عَلَيِ, هُمْ, الَّذِينَ, صِرَاطَ ,
صِرَاطَ الَّذِينَ

- অর্থ লিখতে হবে।

৩। সঠিক পথে না চললে কি পরিণাম হবে দুনিয়া ও আখিরাতে ?

৪। সূরা ফাতিহা সহ পবিত্র কুরআন এর অর্থ শিখার জন্য কি আমরা চেষ্টা করব ?

৫। অর্থ জানা থাকলে সালাতে কি বেশি মনোযোগ আসে ? ইমাম যখন উচ্চস্বরে তিলাওয়াত করবে তখন কি আমরা বুঝতে পারবো ? কোরআনের অর্থ শেখার নিয়ত করলে এবং প্রচেষ্টা শুরু করলে আল্লাহর কাছে কি সাহায্য চাইতে হবে ? খালেস ভাবে আল্লাহর কাছে সাহায্য চাইলে তিনি কি সাহায্য করবেন ?

# অনুশীলনী পাঠ ১০

১.

| غَيْرِ | آ لْمَغْضُوبِ | عَلَيْهِمْ | وَ | لَا | الضَّالِّينَ |
|---|---|---|---|---|---|
| পথভ্রষ্ট | নয় | গজবে পড়েছে | না | এবং | তাদের উপর |

- আরবি শব্দের ভুল অর্থ দেয়া আছে সঠিক অর্থ লিখতে হবে

২. কারা পথভ্রষ্ট ?

৩. কারা আল্লাহর গজবে পড়েছে ?

৪. আমরা কোরআনের অর্থ শিখবো, আল্লাহর সন্তুষ্টির জন্য এবং তার রহমত লাভের আশায়। কথাটি কি ঠিক আছে ?

৫. দুনিয়ার জীবন ক্ষণস্থায়ী। আখিরাতের জীবন চিরস্থায়ী। আখিরাতের জীবনের কল্যাণের জন্য অর্থাৎ জান্নাত লাভের জন্য দুনিয়ায় ভালো কাজ করা দরকার, কথাটি কি ঠিক ?

# অনুশীলনী পাঠ ১১

১.

| | | | | |
|---|---|---|---|---|
| أَكْبَرُ | أَشْهَدُ | أَنْ | أَنَّ | حَيٌّ |
| এস | অতি বড় | অবশ্যই | যে | আমি সাক্ষ্য দিচ্ছি |

❖ আরবি শব্দের অর্থ ভুল দেয়া আছে সঠিক অর্থ লিখতে হবে

২.

| | | | | |
|---|---|---|---|---|
| آ لْعَظِيم | آ لْعَلِي | سُبْحَانَ | ا لْفَلَاحْ | ا لصَّلاة |
| সালাতের | পবিত্র | কল্যাণের | সুউচ্চ | বড় |

❖ আরবি শব্দের অর্থ ভুল দেয়া আছে সঠিক অর্থ লিখতে হবে

৩.

| | | | |
|---|---|---|---|
| مُبَارَكًا | طَيِّبًا | كَثِيرًا | سَمِعَ |
| অধিক | শুনেছেন | উত্তম | কল্যাণময় |

❖ আরবি শব্দের অর্থ ভুল দেয়া আছে সঠিক অর্থ লিখতে হবে

৪. যুক্ত শব্দ

رَبِّى = يِ + رَبٌّ আমার রব

رَبَّنَا = نَا + رَبٌّ আমাদের রব

لِمَنْ = مَنْ + لِ যার জন্য (যে)

لَكَ = كَ + لَ তোমার জন্য

- مَانْ , يِ , نَا , لِ , لَ অর্থ কী ?

৫. যুক্ত শব্দ حَمِدَهُ = هُ + حَمِدَ অর্থ কী ?

৬. এক শব্দে দুই রূপ حَمْدٌ , حَمْدًا অর্থ কি একই ?

مُحَمَّدٌ , مُحَمَّدًا অর্থ কি একই ?

৭. عَلَي অর্থ উপরে, عَلَي অর্থ দিকে হতে পারে কি ?

# অনুশীলনী পাঠ ১২

১.

| | | | | |
|---|---|---|---|---|
| سُبْحَانَكَ | اَللّٰهُمَّ | بِحَمْدِكَ | تَبَارَكَ | اسْمُكَ |
| তোমার পবিত্রতা | হে আল্লাহ | তোমার প্রশংসা সহ | তোমার বরকত | তোমার নাম |
| تَعَالَىٰ | جَدُّكَ | غَيْرُكَ | | |
| তুমি উচ্চ | তোমার মর্যাদা | তুমি ব্যতিত | | |

❖ অর্থ গুলো কি সঠিক ? كَ অর্থ কি بِ অর্থ কি ?

২.

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| اَلتَّحِيَّاتُ | اَلصَّلَوٰةُ | اَلطَّيِّبَاتُ | اَلسَّلَامُ | عَلَيْكَ | أَيُّهَا | اَلنَّبِيُّ |
| সমস্ত সম্বোধন | শান্তি/ কল্যাণ | উত্তম/ পবিত্রতা | শান্তি | তোমার উপর | হে | নবী |
| رَحْمَةُ اللّٰهِ | بَرَكَاتُهُ | عَلَيْنَا | عِبَادُ اللّٰهِ | اَلصَّالِحِينَ | عَبْدُهُ | رَسُولُهُ |
| আল্লাহর রহমত | তার বরকত | আমাদের উপর | আল্লাহ-র বান্দা | সতকর্মশীল | তার বান্দা | তাঁর রাসুলের |

❖ শব্দ, যুক্ত শব্দ এবং দুটি শব্দ একত্রে অর্থ করা হয়েছে। অর্থ গুলো কি ঠিক ?

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| صَلِّ | آلِ | كَمَا | صَلَّيْتَ | إِنَّكَ | مَجِيدٌ | بَارَكْتَ |
| আশীর্বাদ অবতীর্ণ কর | পরিবারবর্গ | যেরূপ | তুমি আশির্বাদ অবতীর্ণ করেছো | নিশ্চই তুমি | অধিক | তুমি বরকত দান করেছো |

৩। অর্থগুলো কি সঠিক ? تَ অর্থ কী ? كَ অর্থ কী ?

# অনুশীলনী পাঠ ১৩

১। পবিত্র কোরআনে কতগুলো শব্দ কতবার ব্যবহৃত হয়েছে?

২। فعل বা ক্রিয়া কতটি ?

৩। اسم এবং حرف কতটি ?

৪। মাত্র ৫৫২ টি শব্দ শিখলে পবিত্র কুরআনের কত ভাগ শব্দ শেখা হয় ?

৫। মাত্র পাঁচটি শব্দ শিখলে পবিত্র কুরআনের কত ভাগ শব্দ শেখা হয়

৬। শুধু শব্দ মুখস্ত করলেই হবে নাকি কিছু ব্যাকরণও শিখতে হবে ?

# অনুশীলনী পাঠ ১৪

**পাঠ ১৪ থেকে পাট ২৬ পর্যন্ত যে সমস্ত শব্দের অর্থ দেয়া আছে, সেগুলো থেকে অনুশীলনের প্রশ্ন**

**১. অর্থ লিখতে হবেঃ**

أَرْضٌ , قَوْمٌ , آيَةٌ , كُلٌّ , عَذَابٌ , نَفْسٌ , شَيْءٌ , مِنْ , فِي , إِنَّ

**২।** هُوَ قُرْآنٌ **(৮৫ঃ২১) অর্থ লিখতে হবে**

- هُوَ **অর্থ সে, তিনি, ইহা।**

**৩।** هَٰذَا ذِكْرٌ **(২১,২৪) অর্থ লিখতে হবে**

**৪।** هَٰذَا صِرَاطٌ **(১৯,৩৬) অর্থ লিখতে হবে**

**৫।** ذَٰلِكَ يَوْمٌ **(১১,১০৩) অর্থ লিখতে হবে**

**৬।** إِنَّهُ لَقُرْآنٌ **(৫৬,৭৭) অর্থ লিখতে হবে**

**৭।** هُوَ فِي بَيْتِهَا **(১২,২৩) অর্থ লিখতে হবে**

**৮।** مِنْ قَبْلِ صَلَاةِ الْفَجْرِ **(২৪,৫৮) অর্থ লিখতে হবে**

# অনুশীলনী পাঠ ১৫

১। অর্থ লিখতে হবেঃ رَسُول, يَوْمٌ, أَمْرٌ, سَبِيل, مُؤْمِنٌ, قَبْل, نَاسٌ , حَقٌّ

عَلَي, لَا, مَا, اِلَى,

২।

هُوَ এর স্ত্রীলিঙ্গ هِيَ এর অর্থ ইহা, সে, তিনি

هَٰذَا এর স্ত্রীলিঙ্গ هَٰذِهِ এর অর্থ ইহা

ذَٰلِكَ এর স্ত্রীলিঙ্গ تِلْكَ এর অর্থ উহা

৩। إِنَّ هَٰذِهِ تَذْكِرَةٌ (৭৩,১৯) অর্থ লিখতে হবে।

- تَذْكِرَةٌ অর্থ উপদেশ।

৪। هَٰذِهِ جَهَنَّمُ (৩৬, ৬৩) অর্থ লিখতে হবে।

৫। هَٰذِهِ سَبِيلِي (১২,১০৮) অর্থ লিখতে হবে।

৬। تِلْكَ أُمَّةٌ (২,১৩৪) অর্থ লিখতে হবে।

৭। تِلْكَ الْجَنَّةُ (১৯,৬৩) অর্থ লিখতে হবে।

৮। هِيَ حَيَّةٌ (২০,২০) অর্থ লিখতে হবে।

- حَيَّةٌ অর্থ একটি সাপ।

# অনুশীলনী পাঠ ১৬

১। অর্থ লিখতে হবেঃ

بَعْضُ, بَعْدُ, أَيُّهَا, خَيْرٌ, نَارٌ, غَيْرُ, قَلْبٌ , عَبْدٌ , إِنْ, أَنْ , إِلَّا

২। مَا هَٰذَا إِلَّا بَشَرٌ (২৩:২৪) অর্থ লিখতে হবে।

- مَا অথবা إِنْ অর্থ "না" ; এর পরে إِلَّا অর্থ "ব্যতীত" আসলে, অর্থ দাড়ায় "কেবলমাত্র"। بَشَرٌ অর্থ "একজন মানুষ"

৩। إِنْ هُوَ إِلَّا عَبْدٌ (৪৩:৫৯) অর্থ লিখতে হবে

৪। هُوَ إِلَٰهٌ وَاحِدٌ (২০:১১২) অর্থ লিখতে হবে। وَاحِدٌ অর্থ এক

৫। هُوَ مُؤْمِنٌ (২০:১১২) অর্থ লিখতে হবে

৬। إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لِلْمُؤْمِنِينَ (১৫:৭৭) অর্থ লিখতে হবে

৭। إِنْ هَٰذَا إِلَّا مَلَكٌ كَرِيمٌ (১২:৩১) অর্থ লিখতে হবে। كَرِيمٌ অর্থ সম্মানিত।

# অনুশীলনী পাঠ ১৭

১। অর্থ লিখতে হবেঃ

أَهْلٌ , يَدٌ , كَافِرُونَ, رَحْمَةٌ, رَحِيمٌ, أَجْرٌ, ظَالِمٌ , عَنْ, قَدْ , إِذَا

২। وَلَهُ أَجْرٌ كَرِيمٌ (৫৭ঃ১১) অর্থ লিখতে হবে

৩। عَنِ النَّبَاءِ عَظِيْمِ (৭৮ঃ২) অর্থ লিখতে হবে

- ❖ نَبَي অর্থ সংবাদ

৪। وَالْكَافِرُونَ هُمُ الظَّالِمُونَ (২ঃ২৫৪) অর্থ লিখতে হবে

- ظَالِم এর বহুবচন ظَا لِمُونَ অর্থাৎ জালিম
- هُمْ অর্থ তাহারা, هُوَ এর বহুবচন, অর্থ সে

৫। أُولَـٰئِكَ هُمُ الْمُؤْمِنُونَ (৮ঃ৪) অর্থ লিখতে হবে

# অনুশীলনী পাঠ ১৮

১। অর্থ লিখতে হবেঃ

عِلْمٌ , عَظِيمٌ , عَلِيمٌ , اَلِيْمٌ , جَنَّةٌ , هَلْ , دُونَ , لَمْ , لَنْ , ثُمَّ
النُّفُوسُ

২। أَنْ يُذْكَرَ فِيهَا اسْمُهُ (২ঃ১১৪) অর্থ লিখতে হবে

- يُذْكَرَ অর্থ স্মরণ করা হবে, এটি কর্মবাচ্য

৩। هَذَا عَذَابٌ اَلِيْمٌ (৪৪ঃ১১) অর্থ লিখতে হবে

৪। وَإِذَا النُّفُوسُ زُوِّجَتْ (৮১,৭) অর্থ লিখতে হবে

- نَفْسٌ এর বহুবচন نُفُوْسٌ অর্থ আত্মা। زُوِّجَتْ এটি কর্মবাচ্য অর্থ সংযোজিত করা হবে এটি কর্মবাচ্য।

৫। وَمَسَاجِدَ يُذْكَرُ فِيهَا اسْمُ اللهِ كَثِيْرًا (২২ঃ৪০) অর্থ লিখতে হবে

# অনুশীলনী পাঠ ১৯

১। অর্থ লিখতে হবেঃ

قَوْلٌ , ذُو , مَلَكٌ, مَثَلٌ , مَالٌ , وَلِيٌّ , هُدَي , أَوْ , بَيْنَ

২.

وَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ أُولَـٰئِكَ أَصْحَابُ الْجَنَّةِ هُمْ فِيهَا خَالِدُونَ

- উপরের আয়াতটির অর্থ করতে হবে, সুরা বাকারার ৮২ নম্বর।

- الَّذِينَ বহুবচন, একবচন الَّذِي
- آمَنُوا যারা ইমান এনেছে, এটা ক্রিয়া বহুবচন
- عَمِلُوا যারা আমল করেছে, এটা ক্রিয়া বহুবচন
- الصَّالِحَاتِ সৎকাজ, বহুবচন
- هُمْ তাহারা, هُوَ এর একবচন
- خَالِدُونَ বহুবচন অর্থ চিরস্থায়ী

# অনুশীলনী পাঠ ২০

১। অর্থ লিখতে হবেঃ

حَكِيْمٌ, فَضْلٌ, صَلَوَاتٌ, صَلَّى, لَيْلٌ, بَنِي, كَيْفَ, أَصْحَابٌ, لَوْ

عِنْدَ, مَعَ, الصَّلَاةُ

২। سَلَامٌ عَلَيْكُمْ (৩৯ঃ৭৩) অর্থ করতে হবে; كُمْ অর্থ তোমাদের।

৩। إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ (২ঃ১৫৩) অর্থ করতে হবে; الصَّابِرِينَ অর্থ ধৈর্যশীলদের

## অনুশীলনী পাঠ ২১

১। অর্থ লিখতে হবেঃ

أَكْثَرُ , ذِكْرٌ, حَيَواةٌ, زَوْجٌ , أَخٌّ , نَبِي , أَحَدٌ , خَالِدٌ, لَمَّا, أَمَّا,
أَمْ, لَعَلَّ,

২। অর্থ করতে হবে وَاللَّهُ عِنْدَهُ أَجْرٌ عَظِيمٌ (৬৪ঃ১৫)

৩। অর্থ করতে হবে إِنَّ الدَّيْنَ عِنْدَ اللَّهِ الْإِسْلَامُ (৩ঃ১৯)

# অনুশীলনী পাঠ ২২

**১। অর্থ লিখতে হবেঃ**

دُنْيَا , عِلٰمِيْنَ , مُبِينٌ , عَمَلٌ , وَجْهٌ , يَوْمَئِذٍ , حَتّٰى , لَكِنَّ

**২। অর্থ করতে হবে** إِنَّ الْأَرْضَ لِلَّهِ **(৭ঃ১২৮)**

**৩। অর্থ করতে হবে** وَأَنَّ الْفَضْلَ بِيَدِ اللَّهِ **(৫৭ঃ২৯)**

# অনুশীলনী পাঠ ২৩

১। অর্থ লিখতে হবেঃ

دِينٌ , بَيْتٌ , أَبَاءَ , أَبٌّ , أُمَّةٌ , اِبْنِ , عَزِيْزٌ

২। অর্থ করতে হবেঃ وَلَكِنَّ اللَّهَ ذُو فَضْلٍ عَلَي الْعَالَمِينَ (২ঃ২৫১)

৩। অর্থ করতে হবেঃ لَعَلَّ السَّاعَةَ قَرِيبٌ (৪২ঃ১৭)

- السَّاعَةَ অর্থ সময়/কিয়ামত
- قَرِيبٌ অর্থ নিকটবর্তী/আসন্ন

# অনুশীলনী পাঠ ২৪

১। অর্থ লিখতে হবেঃ

اللَّهُ, اللَّهَ , اللَّهِ, رَبَّ , إِلٰهٌ, قُرْآن, جَنَّة, جَهَنَّم , قِيَامَة, الشَّيْطَان

২। অর্থ করতে হবেঃ رَبِّ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا (৭৮ঃ৩৭)

- السَّمَاوَاتِ আকাশসমুহ, سَمَا এর বহুবচন
- بَيْنَهُمَا = بَيْنَ + هُمَا
- هُوَ অর্থ সে, তিনি, ইহা; هُمَا দ্বিবচন
- بَيْنَ অর্থ মধ্যে
- مَا অর্থ যা কিছু

৩। رَبُّكُمْ وَرَبُّ آبَائِكُمُ الْأَوَّلِينَ (২৬,২৬) অর্থ করতে হবে

- آبَائِكُمْ অর্থ তোমাদের পুর্বপুরুষদের
- الْأَوَّلِينَ অর্থ পুর্ববর্তী

# অনুশীলনী পাঠ ২৫

১। শব্দের অর্থ লিখতে হবেঃ

آخَرُ , أُخْرَىٰ , أخِرْ , أخِرَةْ , هَٰذَا , هَٰذِهِ , ذَٰلِكَ, تِلْكَ , الَّذِي,
مَنْ , أُولَٰئِكَ

২। لَنْ نَصْبِرَ عَلَىٰ طَعَامٍ وَاحِدٍ (২ঃ৬১)

- لَنْ অর্থ নয়/না, ভবিষ্যতের জন্য ব্যবহার হয়
- نَصْبِرَ অর্থ আমরা ধৈর্য ধারণ করব
- طَعَامٍ অর্থ খাদ্য
- وَاحِدٍ অর্থ এক/একরকম

৩। لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ (১১২ঃ৩) অর্থ করতে হবে।

- لَمْ অর্থ না/নয়, অতীতকালের জন্য ব্যবহার হয়, কখনো কখনো পরের ক্রিয়াটি বর্তমান কালেও ব্যবহার হতে পারে। যেমনঃ يَلِدْ বর্তমান কালের ক্রিয়া অর্থ জন্ম দেওয়া; يُولَدْ বর্তমান কালের ক্রিয়া অর্থাৎ জন্ম নেওয়া

# অনুশীলনী পাঠ ২৬

পাঠ ১ থেকে পাঠ ২৬ পর্যন্ত এবং অনুশীলনী পাঠ ১ থেকে ২৬ পর্যন্ত পবিত্র কুরআনের অনেক শব্দ শেখা হয়েছে। এবং পবিত্র কুরআনের অনেক আয়াত অর্থ জানা হয়েছে। এগুলোর মাধ্যমে এটা কি পরিষ্কার হয়েছে যে, একটু পরিশ্রম করলে পবিত্র কোরআনের অর্থ শেখা যায় ? অবশ্য আল্লাহর কাছে দোয়া করে তার সাহায্য চাইতে হবে। নিজের অভিব্যক্তি বলতে হবে অথবা লিখতে হবে, অনূর্ধ্ব এক পৃষ্ঠা।